# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
কৃষি/টেক্সঃ শাখা
আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা -১২০৭
ওয়েব সাইট : www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.২৩.০০২.২১-০১ তারিখঃ ১০-০১-২০২১ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বৎসর মেয়াদী এগ্রিকালচার/ফিসারিজ/লাইভষ্টক শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮মপর্ব নিয়মিত/অনিয়মিত বোর্ড সমাপনী পরীক্ষা-২০২০ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে আসন বিন্যাস করতঃ **আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২১ শনিবার** হতে বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে **অনুষ্ঠিত** হবে।

উক্ত পরীক্ষার ছাত্র/ছাত্রীদের সম্ভাব্য তালিকা প্রতিষ্ঠান ভিত্তিক (Printout Copy) বোর্ডের ওয়েব সাইট-এ পাওয়া যাবে। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে পরীক্ষার নির্ধারিত ফি স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে জমা এবং অন-লাইনে ফরম ফিলাপ করতে হবে। ফরম ফিলাপের তারিখ, সময়সূচি এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় (ব্যবহারিক/তাত্বিক পরীক্ষার কেন্দ্র) তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট www.bteb.gov.bd এ পাওয়া যাবে। **উল্লেখ্য পরীক্ষার প্রশ্নপত্র সংশ্লিষ্ট কেন্দ্রে অনলাইনে প্রেরণ করা হবে।**

৮ম পর্বের মাঠ সংযুক্তি প্রশিক্ষণ ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষা আগামী ১৩/০২/২০২১ ও ১৬/০২/২০২১খ্রিঃ হতে স্ব-স্ব প্রতিষ্ঠানে/কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

বিঃদ্রঃ (ক) অন-লাইনে ফরম ফিলাপ এর ফাইনাল লিষ্ট (হার্ড কপি) প্রিন্টে থাকা সকল শিক্ষার্থীদের পরীক্ষার সকল ফি প্রদান করতে হবে।

(খ) এক জন পরীক্ষার্থীর মূল পর্বে ০১টি (এক) মাত্র হাজিরা সিট ব্যবহার করতে হবে। একই হাজিরা সিটের মধ্যে তাত্বিক ও ব্যবহারিক নিয়মিত ও পরিপূরক সকল বিষয়ের হাজিরা নিতে হবে প্রয়োজনে অপর পৃষ্ঠা ব্যবহার করা যেতে পারে। প্রয়োজনে হাজিরা সিটের ফটোকপি কেন্দ্রে/প্রতিষ্ঠানে রাখতে হবে। পরিপূরক বিষয় পরীক্ষার জন্য আলাদা হাজিরা সিট ব্যবহার করার প্রয়োজন নেই।

অত্র বোর্ডের কারিকুলাম শাখা হতে জারিকৃত (ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার/ডিপ্লোমা-ইন-ফিসারিজ/লাইভস্টক) শিক্ষা বর্ষপঞ্জি ২০১৯-২০২০ এর আলোকে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো ।

### ১.০ প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ

১.১ পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বেই পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করতে হবে।

১.২ পরীক্ষা শুরুর ৩০ মিনিটের পূর্বে প্রশ্নপত্র বোর্ডের পরীক্ষা শাখা হতে অনলাইনে(Online) সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণ করা হবে। উক্ত সময়ে কেন্দ্রের সংশ্লিষ্ট প্রশ্নপত্র পাওয়া না গেলে বোর্ডের সংশ্লিষ্ট শাখায়(গোপনীয় শাখা) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবকে যোগাযোগ করতে হবে।

১.৩ ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবকে সংশ্লিষ্ট পরীক্ষা শাখার (গোপনীয় শাখা) সাথে প্রয়োজনে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে।

১.৪ নিরাপত্তা ও গোপনীয়তা সুরক্ষা নিশ্চিত করে ৩০ মিনিটের মধ্যে কেন্দ্রের প্রয়োজনীয় প্রশ্নপত্র প্রিন্ট করে পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র পৌছাতে হবে।

১.৫ পাসওয়ার্ড এর গোপনীয়তা বজায় রেখে প্রশ্নপত্র প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবের ই-মেইল এবং বিকল্প ই-মেইল ঠিকানা সচল রাখতে হবে। এক্ষেত্রে মোবাইল নম্বার পরীক্ষা চলাকালীন সময়ে সার্বক্ষনিক চালু রাখতে হবে। অনলাইনে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব এর মোবাইল নম্বর, বিকল্প মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা এবং বিকল্প ই-মেইল ঠিকানা পাঠাতে হবে।

১.৬ ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবকে সাধারণ ফিচারের (ক্যামেরা বিহীন) মোবাইল ফোন ব্যবহার করতে হবে।

১.৭ বিদ্যুৎ ব্যবস্থা/বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা (জেনারেটর), কম্পিউটার, প্রিন্টার, ইন্টারনেট সংযোগ/বিকল্প ইন্টারনেট সংযোগ, ফটোকপি মেশিন/ডুপ্লো-মেশিন) এর ব্যবস্থা রাখাসহ উহা সচল রাখতে হবে। এছাড়া প্রিন্টার, ফটোকপি মেশিন/ডুপ্লো-মেশিন ইত্যাদির টোনার, প্রশ্নপত্র ছাপানোর কাগজ ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি কেন্দ্রে পূর্ব থেকেই মজুত রাখতে হবে এবং বোর্ডকে এ বিষয়ে অবহিত করতে হবে।

১.৮ পরীক্ষার্থীর সংখ্যা অনুপাতে পরীক্ষার সময়ে (সকাল/বিকাল) পূর্ব থেকেই প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক/কর্মকর্তা/কর্মচারির সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করতে হবে।

১.৯ প্রতিটি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব কর্তৃক প্রশ্নপত্র প্রিন্ট ও সংশ্লিষ্ট পরীক্ষার কক্ষে বিতরণের লক্ষে Time Frame উল্লেখসহ একটি Check list তৈরি করে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১.১০ শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষা হলে প্রবেশ করতে হবে। অনিবার্য কারনে কোন পরীক্ষার্থীকে এরপরে প্রবেশ করতে দিলে তার নাম, রোল নম্বর, রেজিঃ নম্বর, পর্ব, টেকনোলজী, প্রবেশের সময়, বিলম্ব হওয়ার কারণ ইত্যাদি একটি রেজিষ্টারে লিপিবদ্ধ করে ঐদিনই বোর্ডের ডিপ্লোমা ইন টেক্সটাইল পরীক্ষা শাখায় প্রতিবেদন দিতে হবে। একই পরীক্ষার্থীর একাধিক বার বিলম্ব করলে তদন্ত করতে হবে।

১.১১ কেন্দ্রের কন্ট্রোল রুম/প্রিন্টিং রুমে অবশ্যই সিসি টিভি(cctv) এর ব্যবস্থা রাখা এবং তা সার্বক্ষনিক সচল রাখতে হবে।

**২.০ পরীক্ষার্থীর বিবরণঃ**

২.১.২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব শিক্ষার্থী নিয়মিত/অনিয়মিত পুনঃ ভর্তি স্মারকপত্রের আলোকে ছাত্র/ছাত্রী ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ ২০১১ প্রবিধান এবং ডিপ্লোমা-ইন-লাইভস্টক শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানের আলোকে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে ।

২.২ ৪র্থ ও ৬ষ্ঠ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী তিনের অধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সেই সকল শিক্ষার্থী রেফার্ড/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে ।

২.৩ যে সকল শিক্ষার্থী ২০১৯ সনে ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্ব ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে শুধু মাত্র ব্যবহারিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সেই সকল শিক্ষার্থী ২০২০ সনে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার ও ডিপ্লোমা-ইন-ফিসারিজ পরীক্ষার অবশ্যই ফরম ফিলাপ করে প্রবেশপত্র গ্রহণ করে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে (ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণ করে যদি উত্তীর্ণ হয় তবে নম্বর অনলাইনে প্রেরণ করে হার্ড কপি অন্যান্য নিয়মিত পর্বের সাথে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(কৃষি) ৬ষ্ঠ তলা,বরাবর জমা দিতে হবে)।

২.৪ যে সকল পরীক্ষার্থী ২০১৯ সনে বা তার পূর্বে ৪র্থ পর্ব, ৬ষ্ঠ পর্ব ও ৭ম পর্বে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে/ পুনঃ ভর্তি হয়েছে কিন্তু ২০১৯-২০ সনে ৪র্থ পর্ব, ৫ম পর্ব, ৬ষ্ঠ পর্ব ও ৭ম পর্বে ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে নাই, এরূপ পরীক্ষার্থী ৩০০/- টাকা সংযোগ রক্ষাকারী ফি আগামী ফর্ম ফিলাপের সময় জমা দিতে হবে। (অনুমতি পত্র আবেদনের সাথে পূর্বের সকল প্রবশেপত্র ও পুনঃ ভর্তি আদেশের কপি সংযুক্ত করতে হবে।)

২.৫ বহিস্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে কিংবা কেবল মাত্র ২০১৯ সনের ৪র্থ পর্ব, ৫ম পর্ব, ৬ষ্ঠ, ৭ম পর্ব নম্বর পর্ব ও ৮ম পর্ব পরীক্ষা বাতিল হয়েছে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। (বহিস্কৃত আদেশ কপি সংযুক্ত করতে হবে)

**ফরম ফিলাপের ছক (ছক-১)**

| বিভাগ | স্ব-স্ব প্রতিষ্ঠানের বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফট করার তারিখ | Online এ ফরম ফিলাপ, উত্তোলন এবং হার্ড কপি প্রিন্ট করার শেষ তারিখ | তারিখ ৩০০/- টাকা হারে বিলম্ব ফি-সহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট-আউটের হার্ড কপি ও ডিডি জমা দেয়ার শেষ তারিখ | প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- জরিমানা সহ ব্যাংক ড্রাফট জমা দানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সকল বিভাগ | ১৭/০১/২০২১খ্রিঃ হতে ২৪/০১/২০২১ খ্রিঃ পর্যন্ত | ১৭/০১/২০২১খ্রিঃ হতে ২৪/০১/২০২১ খ্রিঃ পর্যন্ত | ২৫/০১/২০২১খ্রিঃ | ২৬/০১/২০২১ খ্রিঃ রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগ সমূহ এবং ২৭/০১/২০২১খ্রিঃ ও ২৮/০১/২০২১ পর্যন্ত অন্যান্য সকল বিভাগ | (পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে) ৩১/০১/২০২১ খ্রিঃ |
| ২৮-০১-২০২১খ্রিঃ তারিখের পূর্বে অন-লাইনে ফরম ফিলাপ করে প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট বোর্ডে জমা দেয়া যাবে। (ব্যাংক খোলার | | | | | |

৩.০ উপরোক্ত ছকে বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনের মাধ্যমে স্ব -স্ব প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের ফরম ফিলাপ করতে হবে এবং নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইন হতে ফরম ফিলাপের ফাইনাল লিষ্ট (হার্ড কপি) প্রিন্ট করেতে হবে।

**<u>৪.০</u> পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সমূহের হার (কৃষি/মৎস্য/লাইভস্টক নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)**

| ক্র: নং | পরীক্ষার প্রকার | পরীক্ষার ফি | | নম্বর পত্র ফি | | সনদপত্র ফি | বই বাবদ | কেন্দ্র ফি | | বোর্ডের মোট অংশ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বোর্ড | প্রতি: | বোর্ড | প্রতি: | বোর্ড | কারি: | কেন্দ্র | প্রতি: | |
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | ২য় পর্ব নিয়মিত (প্রতিষ্ঠান মূল্যায়ন) | ২২৫/- | ২২৫/ | - | ৫০/- | - | - | | | ২২৫/- |
| ০২ | ৪র্থ পর্ব নিয়মিত | ৪০০/- | - | ৭৫/- | - | - | - | ২২৫/- | ২২৫/- | ৪৭৫/- |
| | ৪র্থ পর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করে চার বা ততোধিক বিষয়ে অনুত্তীর্ণদের পরীক্ষার্থীদের জন্য | ৪০০/- | - | ৭৫/- | - | - | - | ২২৫/- | ২২৫/- | ৪৭৫/- |
| ০৩ | ৬ষ্ঠ পর্ব নিয়মিত | ৪০০/- | - | ৭৫/- | - | - | - | ২২৫/- | ২২৫/- | ৪৭৫/- |
| | ৪র্থ ও ৫ম পর্বে অকৃতকার্য বিষয় (১০০/- হারে) | বিষয় সংখ্যা × ১০০ | - | পর্ব সংখ্যা × ৭৫ | - | - | - | ২০০/- | | কলাম (১+৩) |
| | ৬ষ্ঠ পর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করে চার বা ততোধিক বিষয়ে অনুত্তীর্ণদের পরীক্ষার্থীদের জন্য | ৪০০/- | - | ৭৫/- | - | - | - | ২২৫/- | ২২৫/- | ৪৭৫/- |
| ০৪ | ৮ম পর্ব নিয়মিত/অনিয়মিত | ৪০০/- | - | ৭৫/- | - | ১০০/- | - | ২২৫/- | ২২৫/- | ৬৮৫/- |
| | ইন্ডাসস্ট্রিয়াল ট্রেনিং ফি (৫০০/-) | ১১০/- | ৩৫০/- | - | - | - | ৪০/- | - | - | |
| | ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বে রেফার্ড বিষয় ১০০/- হারে | বিষয় সংখ্যা × ১০০ | - | পর্ব সংখ্যা × ৭৫ | - | - | - | ২০০/- | | কলাম (১+৩) |
| | ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের অকৃতকার্য বিষয় (১০০/- হারে) | বিষয় সংখ্যা × ১০০ তবে ৪০০/- কম নয় | | প্রতি পর্ব × ৭৫ | - | - | - | ২০০/- | | কলাম (১+৩) |
| ০৫ | সকল পর্বের বিলম্ব/সংযোগ রক্ষাকারী ফি প্রতি পরীক্ষার্থীদের জন্য (যদি থাকে) ৩০০/- টাকা হারে। | | | | | | | | | ৩০০/- |
| ০৬ | সকল পর্বের রেফার্ড/পরিপূরক ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি পর্বের প্রতি বিষয়ে ২৫.০০ টাকা হারে। | | | | | | | | | |
| ০৭ | কেন্দ্র ফি শিক্ষা প্রতিষ্ঠান ও কেন্দ্রের মধ্যে অত্র বোর্ডের স্বারক নং -বাকাশিবো(প-২)/৬৬৭/(পার্ট-৫)/৮৪৪ তাং ১৫-০৯-২০১৩ এর বিজ্ঞপ্তি অনুসরণ করতে হবে। | | | | | | | | | |
| ০৮ | নিজস্ব প্রতিষ্ঠানে কেন্দ্র না হলে অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য কেন্দ্রকে ২০০/- হারে কেন্দ্র ফি প্রদান করতে হবে । | | | | | | | | | |
| ০৯ | প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড ফিস যথাসময়ে জমা দিতে ব্যর্থ হলে বিলম্বের জন্য প্রতিষ্ঠানের জরিমানা ২৫০০/- টাকা | | | | | | | | | |

বিঃ দ্রঃ কোন ভাবেই বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি নেওয়া যাবে না। অতিরিক্ত ফি আদায় করলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদের ফি সমূহ বোর্ডে প্রেরণ পদ্ধতিঃ

৫.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি এর সমুদয় টাকা প্রতি পরীক্ষার্থীর নিকট হতে আদায়করতঃ মোট টাকার ব্যাংক ড্রাফট (সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে) সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে ছকে বর্ণিত নির্ধারিত তারিখে করতে হবে এবং বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ কৃষি/টেক্সঃ শাখা (৬ষ্ঠতলা) কর্তৃক যাচাইপূর্বক হিসাব শাখায় নির্ধারিত তারিখে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফটি অবশ্যই সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

৫.২ পরীক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত সমুদয় টাকার হিসাব (বোর্ডের প্রাপ্য অংশ) বোর্ড কর্তৃক প্রদত্ত "হিসাব বিবরণী “ছক" অনুযায়ী পূরণ করে ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় **৬ষ্ঠ তলা কৃষি/টেক্সটাইল শাখার হিসাবের পর ব্যাংকে জমা দিতে হবে** এবং হিসাব শাখায় ক্রমিক নম্বর প্রদানের পর ৬ষ্ঠ তলা কৃষি/টেক্সটাইল শাখায় জমা দিতে হবে।

৫.৩ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অধীন ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ এবং ডিপ্লোমা ইন লাইভস্টক শিক্ষাক্রমের পরীক্ষার ফরম ফিলাপ সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির মাধ্যমে অবশ্যই সম্পাদন করতে হবে। অন্য প্রতিষ্ঠানের শিক্ষক/ অন্য শাখার শিক্ষক/প্রতিনিধি দ্বারা পরীক্ষা সংক্রান্ত কোন কার্যক্রম সম্পাদন করা যাবে না।

**<u>৬.০ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অবশিষ্ট অর্থ (যাহা কেন্দ্র/প্রতিষ্ঠান কর্তৃক ব্যয় হইবে) ব্যয়ের বিবরণঃ</u>**

৬.১ কেন্দ্র ফি, ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে লিখিত পরীক্ষা আরম্ভ হওয়ার ০১ (এক) সপ্তাহ পূর্বে পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে নগদ/ ব্যাংক ড্রাফটের মাধ্যমে অবশ্যই প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, কেন্দ্র ফি ও ব্যবহারিক পরীক্ষার ফি যথাসময়ে পরিশোধ না করলে এই মর্মে কেন্দ্র হতে কোন অভিযোগ পাওয়া গেলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার ফলাফল স্থগিত থাকবে।

৬.২ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত সকল স্তরের কর্মচারী ও কর্মকর্তাদের পারিশ্রমিক হিসেবে পরীক্ষা সমাপ্তির পর পরেই পরিশোধের ব্যবস্থা করতে হবে এবং এ সংক্রান্ত ব্যয়ের হিসাবের এক কপি বোর্ডে প্রেরণ করতে হবে।

৬.৩ ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থ ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর আভ্যন্তরিণ/অনাভ্যন্তরিণ ব্যবহারিক পরীক্ষকগণ পারিশ্রমিক বোর্ডের নিয়ম অনুযায়ী প্রাপ্য হবেন। অবশিষ্ট অর্থ ব্যবহারিক পরীক্ষার কাঁচামাল ক্রয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহার করা যেতে পারে।

৬.৪ অন-লাইনে ফরম ফিলাপের তারিখ, ব্যাংক ড্রাফট করার তারিখ, প্রিন্ট-আউটের হার্ড কপি (Final list) ও ব্যাংক ড্রাফট বোর্ডে জমা প্রদান ইত্যাদি নিম্নোক্ত "ছক-১" মোতাবেক সম্পন্ন করতে হবে।

**৭.০ তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC/PC) নম্বর প্রেরণঃ**

২০২০সনের ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ফিসারিজ বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC/PC) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে অন-লাইনের মাধ্যমে নিম্নোক্ত "ছক -৩" বর্ণিত তারিখ অনুযায়ী পাঠাতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনে-এ TC/PC নম্বর পত্র পাঠাতে ব্যর্থ হলে প্রবেশ পত্র দেওয়া হবে না।

**ধারাবাহিকের নম্বর ৪র্থ পর্ব, ৫মপর্ব, ৬ষ্ঠপর্ব ও ৭ম পর্ব নম্বর প্রেরণের ছক (ছক-২)**

| বিভাগ/ অঞ্চল | অন-লাইনে-এ TC/PC নম্বর প্রেরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|
| সকল বিভাগ | ২১/০১/২০২১ খ্রিঃ হতে<br>৩১/০১/২০২১ খ্রিঃ পর্যন্ত | TC/PC হার্ড কপি ৩১/০১/২০২১ খ্রিঃ তারিখ এর মধ্যে অন-লাইনে-এ দিতে হবে। TC/PC নম্বর নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনে-এ জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠানকে ২৫০০/-জরিমানাসহ পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে অন-লাইনে-এ দেয়া যাবে। |

**২য় পর্বের জি, পি, এ (GPA) প্রেরণের ছক (ছক-৩)**

| অন-লাইনে-এ GPA প্রেরণের সময় | মন্তব্য |
|---|---|
| ২ য় পর্ব পরীক্ষার ফলাফল প্রকাশ করে অন-লাইনে GPA প্রেরণ করার তারিখ: | GPA অন-লাইনে প্রেরণ করে **২৭-০৩-২০২১**খ্রিঃ তারিখের মধ্যে হার্ড কপি প্রিন্ট করে বোর্ডে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠানকে ২৫০০/- জরিমানাসহ পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি স্বাপেক্ষে জমা দেয়া যাবে। |
| ১৮/০৩/২০২১ হতে<br>২৭/৩/২০২১ পর্যন্ত | |

**ব্যবহারিক নম্বর ৪র্থ পর্ব, ৫ম পর্ব, ৬ষ্ঠ পর্ব, ৭ম, ও ৮ম পর্বের নম্বর প্রেরণের ছক (ছক-৪)**

| ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার পর অন-লাইনে PF নম্বর প্রেরণের তারিখ | মন্তব্য |
|---|---|
| ২৩/০৩/২০২১ খ্রি: হতে<br>৩১/০৩/২০২১ খ্রি: পর্যন্ত<br>(প্রয়োজনে কম বেশি হতে পারে। | ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার পর অন-লাইনে PF নম্বর প্রেরণ করে ৩১/০৩/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে হার্ড কপি প্রিন্ট করে এবং **হাজিরা শীট ও শিরোনাম পত্র বাধাই করে (পর্ব ও টেকনোলজি ভিত্তিক)** বোর্ডে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠানকে ২৫০০/- জরিমানাসহ পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি স্বাপেক্ষে জমা দেয়া যাবে। হাজিরা সিটের ফটোকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।হাজিরা শীটের সকল কলাম পূরণ করতে হবে। |

৮.০ সংশ্লিষ্ট কেন্দ্র সচিব অথবা তার মনোনীত প্রতিনিধি নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী প্রবেশপত্র ও উত্তরপত্রসহ পরীক্ষার মালামাল গ্রহণ করবেন। মালামালের চাহিদা ফরমে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর থাকতে হবে। (প্রতিনিধির নাম,পদবী ও নমূনা স্বাক্ষর কেন্দ্র সচিব কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে) ।

**প্রবেশপত্র ও উত্তরপত্র/মালামাল গ্রহণের ছক (ছক-৫)**

| ক্রঃ নং | বিভাগের নাম | প্রবেশপত্র ও উত্তরপত্র/মালামাল গ্রহনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | রাজশাহী, রংপুর ও খুলনা | ০৭/০২/২০২১ খ্রিঃ হতে<br>০৮/০২/২০২১ খ্রিঃ | প্রবেশ সংশোধন করার প্রয়োজন থাকলে পরীক্ষা শুরুর তারিখের পূর্বে সম্পন্ন করতে হবে। পরীক্ষা শুরুর পরে কোন প্রবেশ সংশোধন করতে হলে প্রতি প্রবেশ পত্রের জন্য সংশোধন ফি ৫০০/-প্রদান করতে হবে। |
| ২. | অন্যান্য সকল বিভাগ | ০৯/০২/২০২১ খ্রিঃ হতে<br>১০/০২/২০২১ খ্রিঃ পর্যন্ত | |

৮.১ অধ্যক্ষ/কেন্দ্র সচিব/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রবেশপত্র গ্রহণ করে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করবেন। প্রবেশপত্র গ্রহণ করার পর তা ঠিক আছে কি না ভাল করে যাচাই করতে হবে। প্রবেশ পত্রের ভুলের কারণে যদি কোন পরীক্ষার্থীর ফলাফল প্রকাশে ব্যাঘাত সৃষ্টি হয় তার জন্য বোর্ড দায়ী থাকবে না।

৮.২ পরীক্ষা শুরুর এক সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্তকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।

**৮.৩ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয় পত্র যোগাযোগ নমুনা মোতাবেক নিম্ন ঠিকানায় প্রেরণ করতে হবে।**

| | | |
|---|---|---|
| প্রেরক,<br>প্রতিষ্ঠান/কেন্দ্রের নাম<br>ও ঠিকানা | বরাবর,<br>সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সঃ)<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড(৬ষ্ঠ তলা)<br>আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | **বিষয় :**<br>**কেন্দ্র কোড :**<br>**তারিখ :** |

পরীক্ষার প্রশ্নপত্র সংক্রান্ত কোন বিষয়ে জানার জন্য অত্র বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) শাখায় যোগাযোগ করতে হবে । ফোন নম্বর: ০২ ৫৫০০৬৫৩২ অথবা ০২ ৫৫০০৬৫২৫

বিঃ দ্রঃ শিক্ষকদের নামের তালিকা পুরাতন/অভিজ্ঞ শিক্ষকের মধ্যে হতে বিষয় ভিত্তিক তালিকায় অর্ন্তভুক্ত করে অন লাইনে প্রেরণের হার্ড কপিতে অধ্যক্ষের সীল স্বাক্ষরসহ এবং ফরম ফিলাপের হার্ড কপিতে অধ্যক্ষের সীল স্বাক্ষর করে একই সময়ে সংশ্লিষ্ট শাখায় (৬ষ্ঠ তলা) জমা দিতে হবে।

**৯.০ বিশেষ শর্তাবলিঃ**

৯.১ সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক বিষয়ভিত্তিক উত্তীর্ণমান পূর্ণমান এবং প্রাপ্ত নম্বর ইত্যাদি Online-এ সঠিকরূপে দিতে হবে। প্রতিষ্ঠানের কোনরূপ ভূলের কারণে শিক্ষার্থীদের ক্ষতি হলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করতে হবে। বিশেষ করে কারিকুলাম টেকনোলজি কোড, কেন্দ্র কোড, বিষয় কোড ভুল হলে ফলাফল প্রকাশ করা সম্ভব হবে না।

**১০.০ বিশেষ নির্দেশনাবলীঃ**

১০.১ ফরমপূরণকৃত সকল শিক্ষার্থীর হাজিরাসীটের সকল কলাম পূরণ করতে হবে এবং তা পরীক্ষার শেষে কেন্দ্র সচিবের স্বাক্ষরসহ বাহক মারফত বোর্ডের সংশ্লিষ্ট শাখায় পাঠানো নিশ্চিত করতে হবে। অবশ্যই প্রতিষ্ঠানে ফটোকপি সংরক্ষণ করতে হবে।

১০.২ ফরম ফিলাপ এর ডিডি জমা দেয়ার সময় গত পর্বের পরীক্ষায় ট্রেজারীতে প্রেরিত প্রশ্নপত্রের ট্রাংক বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলায়) জমা দিতে হবে।

১০.৩ ফলাফল সংক্রান্ত যে কোন আপত্তি/ মন্তব্য থাকলে তা ফলাফল প্রকাশের ০৭(সাত) দিনের মধ্যে লিখিত ভাবে অধ্যক্ষের মাধ্যমে প্রবেশপত্র সহ বোর্ডে কৃষি/টেক্সটাইল শাখায় (৬ষ্ঠ তলা) আবেদন জমা দিতে হবে।

১০.৪ **নির্ধারিত তারিখে অনুষ্ঠিত সকালের পরীক্ষার উত্তরপত্র ও লিথো (১ম অংশ) ঐ দিনই ডাকযোগে পাঠাতে হবে।** এ ব্যাপারে পোষ্ট অফিসকে পূর্ব হতে চিঠি দিয়ে অবহিত করতে হবে। উত্তরপত্র পাঠানোর এ নির্দেশ না মানা হলে পরবর্তীতে পরীক্ষার কেন্দ্র বাতিল বলে গণ্য হবে এ ব্যাপারে কোন নোটিশ দেয়া হবে না। **উত্তর পত্রের প্যাকেট এর কাপড় অবশ্যই সবুজ কালার হতে হবে।**

১০.৫ পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ন দলিলাদি যেমন-উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র ব্যবহার করার পর অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্র এবং অন-লাইনে বোর্ডে প্রেরিত সকল তথ্যের হার্ড কপি একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে। উল্লেখ্য উক্ত বিষয়ের প্রতিদিনের হিসাব একটি রেজিষ্টার খাতায় লিপিবদ্ধ করে রাখতে হবে।

১০.৬ বহিস্কৃত প্রতি পরীক্ষার্থীর জন্য সংযোজনী-ক ফরম নং ০১ ও সংযোজনী-গ ফরম নং ০৩ পূরণ করে বহিস্কৃত প্রতি উত্তর পত্রের সঙ্গে স্টেপলার করে দিতে হবে । বহিস্কৃত পরীক্ষার্থীর উত্তর পত্রের লিথো কোডের ১ম অংশ ছেড়া যাবে না। প্রতিবেদনসহ একই দিনে উত্তরপত্র আলাদা প্যাকেটে ডাক যোগে পাঠাতে হবে। বহিস্কৃত উত্তর পত্রে মন্তব্যসহ হল পরিদর্শক, হল সুপার ও কেন্দ্র সচিবের স্বাক্ষর থাকতে হবে। বহিস্কৃত প্রতিবেদনের সকল তথ্য পূরণ করতে হবে। বিশেষ করে কত ধারায় বহিস্কার করা হল তা স্পস্ট লেখতে হবে।

১০.৭ উত্তরপত্রের সাথে কোন শিরোনামপত্র বা কোন তথ্য সন্নিবেশিত করা যাবে না। শুধুমাত্র বান্ডিল লেভেল ব্যবহার করতে হবে এর ব্যতিক্রম বাঞ্ছনীয় নয়। লিথো টপ (১ম অংশ) এর প্যাকেটের সাথে বিষয়ের শিরোনামপত্র ১ কপি ভিতরে এবং এক কপি উপরে দিতে হবে এবং বিষয় ভিত্তিক পৃথক পৃথক করে বক্স এর ভিতর প্যাকেট করতে হবে এবং উত্তরপত্র বিষয় ভিত্তিক পৃথক পৃথক করে প্যাকেট করতে হবে । পরে লিথোর বক্স ও উত্তরপত্র প্যাকেট করে **সবুজ কাপড়** দিয়ে সেলাই ও সিল গালা করে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি/টেক্সঃ) বরাবর বোর্ডে প্রেরণ করতে হবে। (লিথোর (১ম অংশ) আলাদা প্যাকেটে প্রেরন করা যাবে)।

১০.৮ অনিয়মিত পরীক্ষার্থীর হাজিরাসিটে শুধুমাত্র প্রবেশপত্রে প্রদর্শিত বিষয়/বিষয়াদির নাম থাকতে হবে। এই ক্ষেত্রে ঐ বিষয়ের ভিত্তিতেই উপস্থিত/ অনুপস্থিত লিখতে হবে। পরীক্ষায় অংশগ্রহণ করেও ভুলক্রমে অনুপস্থিত লিখলে অনুত্তীর্ণ ধরা হবে।

১০.৯ ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট ও প্রিন্ট আউট এর হার্ড কপি জমা দেয়ার সময় এফিলিয়েশন/নবায়ন ফি হাল নাগাদ পরিশোধের প্রত্যয়নপত্র দেখাতে হবে।

১০.১০ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ অত্র অফিসের পরীক্ষা নিয়ন্ত্রক এর(দৃষ্টি আকর্ষণ : সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সঃ) সহিত যোগাযোগ করতে হবে। ফোন নম্বর: ০২-৫৫০০৬৫৪৪

১০.১১ কেন্দ্র সচিব শিরোনাম পত্রের সকল কলাম যেমন- ভুল বৃত্ত, অনুপস্থিত, বহিস্কৃত/অভিযুক্ত কলামে রোল নম্বরসমূহ যথাযথভাবে পূরণ করে পরীক্ষা শেষে রোল নম্বরের ক্রম অনুসারে শিরোনাম পত্রসমূহ একত্রে বান্ডিল,বাক্সের প্রথম অংশের রোল নম্বরসমূহ পূরণ করে ও হাজিরা শীট একত্রে বান্ডিল করে বিজ্ঞপ্তির তারিখ অনুযায়ী এক সাথে বোর্ডে সংশ্লিষ্ট শাখায় জমা দিয়ে নিশ্চিত করতে হবে।

১০.১২ অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও পরীক্ষার ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট-এর বিবরণীর তালিকাসহ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে পৌছাতে হবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান বহন করবেন।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ছাড়া পরীক্ষার্থীর কাগজপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুত্বপূর্ন দলিলাদি একটি রেজিষ্টার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুদের পরিমান সংরক্ষন করে রাখতে হবে। যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে।

**১১. নতুন উত্তরপত্রে ১০ (দশ) অংক (ঘর) সম্বলিত রেজিস্ট্রেশন নম্বর এবং ৫ (পাঁচ) অংক (ঘর) সম্বলিত বিষয় কোড যুক্ত লিথু (Litho) ব্যবহারের নির্দেশাবলী:**

১১.১ রেজিস্ট্রেশন নম্বর ডান হতে(একক স্থানীয় অংক)পূরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো(যদি থাকে) ০(শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করতে হবে।

১১.২ অনুরূপভাবে বিষয় কোড ডান দিক হতে (একক স্থানীয় অংক)পূরণ শুরু করতে হবে। সর্ব বাম দিকের ঘরটি (যদি থাকে) ০(শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করতে হবে।

১১.৩ এ বিষয়ে প্রতিষ্ঠানের প্রধানগন সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের মাধ্যমে পরীক্ষা শুরুর পূর্বেই শ্রেণী শিক্ষক দ্বারা শিক্ষার্থীদের প্রশিক্ষনের ব্যবস্থা নিবেন।

১১.৪ পুরাতন লিথুযুক্ত উত্তরপত্র ব্যবহার করা যাবে না উহা বোর্ডে ফেরত দিতে হবে।


বিঃদ্রঃ ফরম পূরনের সময় Online এ ছক (১) বর্ণিত তারিখ অনুযায়ী নির্দিষ্ট সময়ে পূরণ করতে হবে। Online এ ফরম ফিলাপ সম্পর্কিত সমস্যা সমাধানের হেল্পলাইন ১. ০১৮৭৬৩৯৭১৩৮ ২. ০১৫৫০৬২০৬০৪

স্বাঃ/-
(প্রকৌশলী মোঃ আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১২.১৯.০০২.২১-০১(৩২০) তারিখ: ১০-০১-২০২১খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়)
২। সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪। মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
৫। মহা পরিচালক, প্রাণি সম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬। মহা পরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭। পরিচালক (প্রশিক্ষণ উইং) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
৮। পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, প্রাণি সম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৯-১২। সচিব/ পরিচালক (কারিকুলাম)/ পরিদর্শক/পরিচালক(শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩-১৯৭। অধ্যক্ষ/কেন্দ্র সচিব ........................................................................।
১৯৮। প্রকল্প পরিচালক (ফিসারিজ ডিপ্লোমা বাস্তবায়ন প্রকল্প), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১৯৯-২৫০। জেলা প্রশাসক ..............................................................।
২৫১। উপ-পরিচালক (প্রশিক্ষণ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
২৫২-২৫৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-(গোপনীয়),কারিকুলাম বিশেষজ্ঞ-(কৃষি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৫৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচার/অন-লাইনে ১৭/০১/২০২১ খ্রিঃ তারিখে ছাত্র/ ছাত্রী নামের তালিকা (Probabal list) দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো এবং ০৪-০২-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রবেশ পত্র প্রিন্ট করে টেক্সটাইল শাখায় হস্তান্তর করতে হবে।
২৫৫-৩১৫। উপজেলা নির্বাহী অফিসার......................................................................।
৩১৬-৩১৭। প্রেস ম্যানেজার/সহকারি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উত্তরপত্র ও অন্যান্য সকল মালামাল সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেস ম্যানেজারকে অনুরোধ জানানো হ'ল।
৩১৮। সহকারী হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তি অনুযায়ী ব্যাংক ড্রাফট জমা নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
৩১৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩২০। অফিস নথি।



(ইঞ্জি: মোসাঃ ছালমা আক্তার)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(কৃষি ও টেক্সটাইল)
ফোনঃ ০২-৫৫০০৬৫৪৪

প্রতিষ্ঠানের কোড নম্বর

বরাবর,
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর. ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণ: সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি)/টেক্সটাইল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড , ঢাকা।

প্রতিষ্ঠানের নাম:....................................................................................................................................

পোষ্ট: ..................................... উপজেলা :..........................................জেলা:...........................................

বিষয়: ২০২০ সনের ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ফিসারিজ/লাইভস্টক শিক্ষাক্রমের নিয়মিত/অনিয়মিত পরীক্ষার ফি- হিসাব বিবরণী প্রেরণ।

**বোর্ডের প্রাপ্ত অংশের পরীক্ষার ফি এর হিসাব বিবরণী প্রেরণের ছক**

| ক্র : নং | পরীক্ষা প্রকার | পরীক্ষার ফি | | নম্বর পত্র ফি | | সনদপত্র ফি | বই বাবদ | কেন্দ্র ফি | | বোর্ডের মোট অংশ (মোট টাকা × সংখ্যা) | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বোর্ড | প্রতি: | বোর্ড | প্রতি: | বোর্ড | কারি: | কেন্দ্র | প্রতি: | | |
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | |
| ০১ | ২য় পর্ব নিয়মিত (প্রতিষ্ঠান মূল্যায়ন) | ২২৫/- | ২২৫/- | - | ৫০/- | - | - | - | - | ২২৫/-× = | |
| ০২ | ৪র্থ পর্ব নিয়মিত | ৪০০/- | - | ৭৫/- | - | - | - | ২২৫/- | ২২৫/- | ৪৭৫/- × = | |
| | ৪র্থ পর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করে চার বা ততোধিক বিষয়ে অনুত্তীর্ণদের পরীক্ষার্থীদের জন্য | ৪০০/- | - | ৭৫/- | - | - | - | ২২৫/- | ২২৫/- | ৪৭৫/- × = | |
| ০৩ | ৬ষ্ঠ পর্ব নিয়মিত | ৪০০/- | - | ৭৫/- | - | - | - | ২২৫/- | ২২৫/ | ৪৭৫/- × = | |
| | ৪র্থ ও ৫ম পর্বে অকৃতকার্য বিষয় (১০০/- হারে) | বিষয় সংখ্যা ×১০০ | - | পর্ব সংখ্যা × ৭৫ | - | - | - | ২০০/- | | কলাম (১+৩) | |
| | ৬ষ্ঠ পর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করে চার বা ততোধিক বিষয়ে অনুত্তীর্ণদের পরীক্ষার্থীদের জন্য | ৪০০/- | - | ৭৫/- | - | - | - | ২২৫/- | ২২৫/- | ৪৭৫/- × = | |
| ০৪ | ৮ম পর্ব নিয়মিত/অনিয়মিত | ৪০০/- | - | ৭৫/- | - | ১০০/- | - | ২২৫/- | ২২৫/- | ৬৮৫/- × = | |
| | ইন্ডাসস্ট্রিয়াল ট্রেনিং ফি (৫০০/-) | ১১০/- | ৩৫০/- | - | - | - | ৪০/- | - | - | | |
| | ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বে রেফার্ড বিষয় ১০০/- হারে | বিষয় সংখ্যা × ১০০ | - | পর্ব সংখ্যা × ৭৫ | - | - | | ২০০/- | | কলাম (১+৩) | |
| | ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের অকৃতকার্য বিষয় (১০০/- হারে) | বিষয় সংখ্যা × ১০০ তবে ৪০০/- কম নয় | | প্রতি পর্ব × ৭৫ | - | - | - | ২০০/- | | কলাম (১+৩) | |
| ০৫ | সকল পর্বের বিলম্ব/সংযোগ রক্ষাকারী ফি প্রতি পরীক্ষার্থীদের জন্য (যদি থাকে) ৩০০/- টাকা হারে। | | | | | | | | | ৩০০/- × = | |

(কথায়...........................................................................................) সর্বমোটঃ

বি:দ্রঃ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি আদায় করলে আইনুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যাংক ড্রাফটের বিবরণ :

| ক্রমিক নং | ব্যাংক নাম ও শাখা | ব্যাংক ড্রাফটের নং | তারিখ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | | | | |

(সর্বমোট টাকা কথায় : ............................................................... ................................ ....................)

মোবাইল নম্বর (অধ্যক্ষের)........................

অধ্যক্ষের স্বাক্ষর ও সিল

**চাহিদা ফরম** প্রতিষ্ঠানের কোড নম্বর [ ]

কেন্দ্র/প্রতিষ্ঠানের নামঃ.............................................................................................................................

পোষ্ট : ..................................... উপজেলা :...........................................জেলা :...........................

বরাবর,

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,আগারগাঁও, শেরেবাংলা নগর.ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণ : সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি/টেক্সঃ ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (৬ষ্ঠতলা), ঢাকা-১২০৭।

.....................সালের ............................... মাসে অনুষ্ঠিত ...................................সমাপনী পরীক্ষা পরিচালনার জন্য উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুসঙ্গিক ফরমসমূহের চাহিদা নিম্নে প্রদত্ত হল :

| পরীক্ষার নাম | পর্ব | মোট পরীক্ষার্থী সংখ্যা (নিয়মিত) | লিখিত পরীক্ষা বিষয়ের সংখ্যা | মোট উত্তরপত্রের সংখ্যা (সাধারণ) | পরীক্ষার নাম | পর্ব | মোট পরীক্ষার্থী সংখ্যা (নিয়মিত/অনিয়মিত) | লিখিত পরীক্ষা বিষয়ের সংখ্যা | মোট উত্তরপত্রের সংখ্যা (লিথো) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ ফিসারিজ/লাইভস্টক | ২য় | | | | ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ ফিসারিজ/লাইভস্টক | ৪র্থ | | | |
| | | | | | | | | | |
| | | | | | | ৬ষ্ঠ | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | রেফার্ড | | | | |
| মোট | | | | | মোট | | | | |
| সর্ব মোট উত্তরপত্রের সংখ্যা | | | | | সর্ব মোট উত্তরপত্রের সংখ্যা | | | | |

বি:দ্র: ৪র্থ পর্ব থেকে ৭ম পর্ব পর্যন্ত রেফার্ড পরীক্ষার্থীগণ সকল পরীক্ষা লিথো খাতায় দিতে হবে।

| বিবরণ | কেন্দ্র/প্রতিষ্ঠানে মজুদ মালামালের পরিমান | বর্তমান চাহিদা | সর্ব মোট চাহিদা |
|---|---|---|---|
| উত্তরপত্র লিথো (মোট উত্তরপত্র+২%) | | | |
| উত্তরপত্র সাধারণ (মোট উত্তরপত্র+২%) | | | |
| অতিরিক্ত উত্তরপত্র (লিথো) | | | |
| অতিরিক্ত উত্তরপত্র (সাধারণ) | | | |
| শিরোনামপত্র (বিষয় X পরীক্ষার্থী X ৪) | | | |
| করোগেটের সীট (মোট পরীক্ষার্থী X ২)৫০ | | | |
| ডেসপাস ফরম | | | |
| অবগতি ফরম | | | |
| বক্স (মোট পরীক্ষার্থী X ১)/২০০ | | | |
| হাজিরা সীট (মোট পরীক্ষার্থী X ১) | | | |
| বান্ডেল লেবেল (মোট পরীক্ষার্থী / ৫০) | | | |
| সনদ/নম্বরপত্র উত্তোলনের ফরম | | | |
| বহিস্কৃত ফরম নং সংযোজনী-ক-১,খ-২,গ-৩ | | | |
| অনুপস্থিতি পরীক্ষার্থীর ICR ফরম | | | |

কেন্দ্র সচিব ফোন/মোবাইলঃ

...................................

কেন্দ্র সচিব স্বাক্ষর ও সীল মোহর